

মাটির হাঁড়ি ও তবলা-ডুগি
খন্দকার জাহিদ হাসান

মাটির হাঁড়ি, মাটির হাঁড়ি, নেই কোনো আর আশ
তবলা-ডুগি এসে তোমার করল সর্বনাশ
হাজার বছর চৌদ্দ পুরুষ বাজিয়ে এলো তোমায়
যুগের ফেরে তবলা ব্যাটা গানের আসর জমায়।
মাটির হাঁড়ি, মাটির হাঁড়ি, আবার এসো ফিরে
তবলা-ডুগির পাশেই তোমার স্থান করে নাও ধীরে।।

তবলা-ডুগি, তবলা-ডুগি, তোমায় বলি শোনো
ইলেকট্রনিক বাজনা তোমায় দেয় না আমল কোনো
কয়েক শতক বাজলে তুমি, এখনো তো বাজো
তোমার মধুর বোলে সদাই হৃদয় নাচে আজো।
তবলা-ডুগি, সারা বিশ্ব হচ্ছে ডিজিটাল
তোমার কিন্তু বিকল্প নেই- সাক্ষী মহাকাল।।